

তাহা শুনি প্রভু কহে 'মনে হ'য়ে সুখী।
 'ক্ষণে থাক দেখি লালচাঁদ আসে নাকি।'
 হেনকালে লালচাঁদ হইল উদয়।
 পূর্বাকাশে রবি চারিদণ্ডের সময়।।
 মাথে লম্বা চুল তার মুখে গৌফ দাঁড়ি।
 সন্ন্যাসীরা থাকে যেন বিশেষর বাড়ী।।
 ঠিক যেন বন হ'তে পরমহংসেরা।
 সুগন্ধেতে কাশী আমোদিত করে তারা।।
 তেমনি বসিল এসে প্রভুর সম্মুখে।
 ঠাকুর পরমসুখী লালচাঁদে দেখে।।
 পরমহংস তাহারা উলঙ্গ থাকয়।
 লালচাঁদ তেন কিন্তু উলঙ্গ সে নয়।।
 ছিন্নবস্ত্র দিয়া মাত্র পরিয়াছে লেংটী।
 তার এক কোণ দিছে তাগা সঙ্গে আটি।।
 নিতম্ব বাহির ঠিক উলঙ্গের প্রায়।
 দূর হ'তে দেখিতে উলঙ্গ বোধ হয়।।
 বরণ তাহার ঘোর কাল সুলকার।।
 কালো অঙ্গ মধ্যে আলো করে দীপ্তিকার।।
 ঠাকুরের মুখ তাকাইয়া লালচাঁদ।
 বদনে ঈষৎ হাসি অন্তরে আহ্লাদ।।
 তাহা দেখি তারক ভেবেছে মনে মনে।
 এই বুঝি লালচাঁদ বুঝি অনুমানে।।
 পূর্বে ছিল কপিল বশিষ্ঠ বেদব্যাস।
 পরাশর কাত্যায়ণ কশ্ব দিগ্বাস।।
 মরীচি অঙ্গিরা শতাতপ শতানন্দ।
 গৌতম বাল্মিকী অত্রি সিদ্ধ মুনিবৃন্দ।।
 আজন্ম কাননবাসী মহাযোগে যোগী।
 ইনি কোন মহাজন এল কিবা লাগি।।
 যতি, হংসী, গৃহী, বনচারী কি সন্ন্যাসী।
 প্রভু সঙ্গে লীলারঙ্গে মর্ত্য লোকবাসী।।
 ইতিউতি ভাবি বসিলেন সেইখানে।
 ঠাকুরের বামে লালচাঁদের দক্ষিণে।।”

এক হালসী কইমাছ আনিয়া ছিলেন।
 ঠাকুরের সম্মুখেতে রেখে বসিলেন।।
 ঠাকুর কহেন “কি করিবি লালচাঁদ।
 আম খেতে দিবি তোর মনে আছে সাধ।।
 গাছে আছে আম পুনঃ কেন বা কিনিলি।
 হাটে গিয়া বুঝি আম দেখে ভুলে গেলি।।
 কেনা আম গাছে আম আমে আমদানি।
 দুগ্ধ আমদানি কত বল তাই শুনি।।”
 ঠাকুর বলেন “আর শুনাবি কি তাই।
 দুগ্ধ আমদানি দোহা আছে দুটি গাই।।
 যা রে লালচাঁদ কল্য আমরা যাইব।
 মধ্যাহ্নে তোমার বাড়ী ভোজন করিব।।”
 মৎস্য দিকে লালচাঁদ চাহে বারেবারে।
 প্রভু বলে “মাছ কিছু দিবি নাকি মোরে?
 ঠাকুর বলেন তবে মন জেনে তারে।
 ‘উপরের চারি কই দিয়া যা আমারে।।’
 বড় চারি কই ছিল উপরেতে গাঁথা।
 তাহা দিয়া লালচাঁদ নোয়াইল মাথা।।
 অন্তঃপুরে মধ্যে গিয়া প্রণাম করিয়া।
 লালচাঁদ চলিলেন ঠাকুরে দেখিয়া।।
 প্রভু বলে “নিমন্ত্রণ করিলা আমাকে।
 আদরের বস্ত্র এই চেননা তারকে।।”
 লালচাঁদ কই মাছ গলায় ধরিয়া।
 করজোড় করি চেয়ে রহে দাঁড়াইয়া।।
 প্রভু বলে ‘তারক করহ দরশন।
 লালচাঁদ তোমাকে করে নিমন্ত্রণ।।
 লালচাঁদ নিমন্ত্রিল কথা নাহি কয়।
 মৎস্য হালসী হাতে গলে লইয়া দাঁড়ায়।।
 করিতেছে লালচাঁদ বড়ই বিনয়।
 করজোড় তারক করিল সে সময়।।